

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)**  
**ভুলতা শাখা, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।**

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধককৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ভুলতা শাখা, থানা- রূপগঞ্জ, জেলা- নারায়নগঞ্জ এর ঋণগ্রহীতা মেসার্স রূপালী এন্টারপ্রাইজ, মালিক মোঃ মাহফুজ মিয়া, পিতা- মোঃ বিল্লাল হোসেন, মাতা- মোসাঃ জয়নব বিবি, ঠিকানা- গ্রামঃ পাড়াগাঁও, পোঃ ভুলতা, থানাঃ রূপগঞ্জ, জেলাঃ নারায়নগঞ্জ কর্তৃক গৃহীত সি.সি.(হাইপো) ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। এছাড়াও ঋণগ্রহীতা মেসার্স রূপালী এন্টারপ্রাইজ কর্তৃক অত্র ব্যাংক হইতে গৃহীত ও.এ.পি ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ রাখা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/১১/২০১৫ ইং তারিখ পর্যন্ত সিসি (হাইপো) ঋণ বাবদ ব্যাংকের পাওনা ৩,৪৯,৪৬,০৭৮.০৬ টাকা এবং ও.এ.পি. ঋণ বাবদ ব্যাংকের পাওনা ৭,৭২,১৩১.৮২ অর্থাৎ মোট ৩,৫৭,১৮,২০৯.৮৮ (তিন কোটি সাতান্ন লক্ষ আঠার হাজার দুইশত নয় টাকা আটশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত তফসিলভুক্ত সম্পত্তি সমূহ নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল**

**১ নং তফসিল**

জেলা- নারায়নগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-রূপগঞ্জ, জে.এল. নং- এস. এ ১৩৯, আর এস ১৭৯, মৌজা- পাড়াগাঁও. সাবেক খতিয়ান নং-১১৪, হাল খতিয়ান নং- ২৬৮, সাবেক দাগ নং-৩২৪ ও ৩২৫, হাল দাগ নং- ৪৮৯, ৫০৭, ৫০৯ ও ৫১২, মোট জমির পরিমাণঃ ৬৬.৭৫ শতাংশ।

**২নং তফসিল**

জেলা- নারায়নগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- রূপগঞ্জ, জে.এল. নং- এস. এ ১৩৯, আর এস ১৭৯, মৌজাঃ পাড়াগাঁও. সাবেক খতিয়ান নং-১১৪, আর এস খতিয়ান নং ১৭৩ ও ২৪৮, সাবেক দাগ নং-৩২৪ ও ৩২৫, ৩২৯, আর এস দাগ নং ৪৮৯,৫০৭,৫০৯, ৫১৫, ৪৯০,৪৯৪, ৪৮৫,৪৯৭, ৪৯৮,৪৯৯, ৫১০ ও ৫১৪, মোট জমির পরিমাণঃ ৪২.৭৫ শতাংশ।

**৩ নং তফসিল**

জেলা- নারায়নগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- রূপগঞ্জ, জে.এল. নং- এস. এ ১৩৯, আর এস ১৭৯, মৌজাঃ পাড়াগাঁও, সি এস খতিয়ান নং. ৯৪, এস এ খতিয়ান নং-১৩৩, আর এস খতিয়ান নং ১৯৯, সি এস এবং এস এ দাগ নং-৩২৬, আর এস দাগ নং- ৫১৮, মোট জমির পরিমাণ- ০৩ শতাংশ।

**৪ নং তফসিল**

জেলা- নারায়নগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- রূপগঞ্জ, জে.এল. নং- এস. এ ১৩৯, আর এস ১৭৯, মৌজাঃ পাড়াগাঁও, সি এস খতিয়ান নং. ৮১ এস এ খতিয়ান নং-১১৪, আর এস খতিয়ান নং ১৮৯, সি এস এবং এস এ দাগ নং- ৩২৯, আর এস দাগ নং- ৪৯৬, মোট জমির পরিমাণঃ ০৪ শতাংশ।

**নিলামের শর্তাবলী**

- (১) আগামী ০৫/০১/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ভুলতা শাখা, রূপগঞ্জ, নারায়নগঞ্জ এ রক্ষিত বাঞ্ছে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ভুলতা শাখা, রূপগঞ্জ, নারায়নগঞ্জ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন এক বা একাধিক তফসিলের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই তফসিলের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ভুলতা শাখা, রূপগঞ্জ নারায়নগঞ্জ।**